

‘আত্মকর্মে যুবশক্তি, টেকসই উন্নয়নের মূল ভিত্তি’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬. ৪৯.০০১.১৭(অংশ-১)-১৩৮ ৪


তারিখ : ২৬ জানুয়ারি ২০১৫  
২০ ডিসেম্বর ২০১৫

শ্রিঃবিষয়ঃ বিদেশ গমনেচ্ছু যুব প্রতিনিধির নামের তালিকা সংরক্ষণ ও প্রধান কার্যালয়ে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রায়শ আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন যুব ফোরামে যুব প্রতিনিধি প্রেরণের আমন্ত্রণ পাওয়া যায়। সে প্রেক্ষিতে অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচার এবং সরাসরি /টেলিফোনে যোগাযোগ করে জেলা পর্যায় হতে যুব প্রতিনিধির প্রস্তাব চাওয়া হয়। সময় স্বল্পতার কারণে অনেক সময়ই উপযুক্ত সংখ্যক প্রার্থী পাওয়া যায় না। এতে করে গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক যুব ফোরামে উপযুক্ত যুব প্রতিনিধি প্রেরণ করা সম্ভব হয় না। ফলে যুবরা আন্তর্জাতিক পরিমন্ডলে পা রাখার ও ভিন্ন দেশীয় যুবদের সাথে মতবিনিময়ের সুযোগ থেকে বঞ্চিত হয়। কিন্তু বাস্তবে এমনটা হওয়ার কথা নয়। কাম্যও নয়। জানামতে বাংলাদেশের অনেক যোগ্যতা সম্পন্ন ও সফল যুব নিজেদের উদ্যোগে বিভিন্ন আন্তর্জাতিক ইভেন্টে অংশগ্রহণ করে থাকে। অনেকে যোগ্যতা থাকা সত্ত্বেও সময়মত অবহিত না হওয়া এবং প্রাতিষ্ঠানিক পৃষ্ঠপোষকতা না পাওয়ার কারণে ইচ্ছে থাকলেও যেতে পারে না। অথচ প্রতিটি জেলা কার্যালয়ে যদি একরূপ উপযুক্ত যুবদের একটি তথ্য ভান্ডার থাকে তাহলে সহজেই এ অবস্থা থেকে উত্তরণ সম্ভব।

০২। বর্ণিত প্রেক্ষাপটে তাঁর জেলায় অর্থবছরের শুরুতে বিদেশ গমনেচ্ছু যুব প্রতিনিধির সি.ভি সংগ্রহ করে নামের তালিকা সংরক্ষণ ও প্রধান কার্যালয়ে সফট কপি ও হার্ড কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সরকারী খরচে ও নিজ খরচে গমনেচ্ছু যুব প্রতিনিধির নামের তালিকা আলাদা ভাবে সংরক্ষণ করা যেতে পারে।

বিষয়টি জরুরী।

  
(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ০২-৯৫৫৯৩৮৯।

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

.....জেলা